

## **া** সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯১

২২/ সাওম [রোযা] (১যা়্না)

পরিচ্ছেদঃ ৭৫/ একদিন সাওম পালন করা, এবং একদিন সাওম ভঙ্গ করা এবং এ প্রসঙ্গে আবদুল্লাহ ইবন আমর (রাঃ) এর হাদীস বর্ণনায় রাবীদের শব্দ বর্ণনার পার্থক্যের উল্লেখ

باب صنَوْمِ يَوْمٍ وَإِفْطَارِ يَوْمٍ وَذِكْرِ اخْتِلاَفِ أَلْفَاظِ النَّاقِلِينَ فِي ذَلِكَ لِخَبَرِ عَبْدِ الله بن عمر فيه

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَعْمَرٍ، قَالَ حَدَّقَنَا يَحْيَى بْنُ حَمَّادٍ، قَالَ حَدَّقَنَا أَبُو عَوَانَةَ، عَنْ مُغِيرةً، عَنْ مُجَاهِدٍ، قَالَ قَالَ لِي عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍ وَأَنْكَحَنِي أَبِي امْرَأَةً ذَاتَ حَسَبٍ فَكَانَ يَأْتِيهَا فَيَسْأَلُهَا عَنْ بَعْلِهَا، فَقَالَتْ نِعْمَ الرَّجُلُ مِنْ رَجُلٍ لَمْ يَطَأْ لَنَا فِرَاشًا وَلَمْ يُفَتِّشْ لَنَا كَنَفًا مُنْذُ أَتَيْنَاهُ. فَذَكَرَ ذَلِكَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ " الْتِنِي بِهِ " . فَأَتَيْتُهُ مَعَهُ فَقَالَ " كَيْفَ تَصُومُ " . قُلْتُ كُلَّ يَوْمٍ . قَالَ " صَهُ مِنْ كُلِّ جُمُعَةٍ ثَلاَثَةَ أَيَّامٍ " . قُلْتُ إِنِّي أُطِيقُ كَيْفِ مَنْ كُلِّ جُمُعَةٍ ثَلاَثَةَ أَيَّامٍ " . قُلْتُ إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذَلِكَ . قَالَ " صَهُمْ يَوْمَ يُومً وَفِطْرُ يَوْمًا " . قَالَ إِنِي أُطِيقُ أَفْضَلَ مِنْ ذَلِكَ . قَالَ " صَهُمْ أَفْضَلَ مَنْ ذَلِكَ . قَالَ الصَيّيَامِ صِيّامَ دَاوُدَ عَلَيْهِ السَّلامُ صَوْمُ يَوْمٍ وَفِطْرُ يَوْمٍ " .

## বাংলা

২৩৯১। মুহাম্মাদ ইবনু মা'মার (রহঃ) ... আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) বলেছেন যে, আমাকে আমার পিতা এক সম্ভ্রান্ত মহিলা বিবাহ করালেন। অতঃপর আমার পিতা তার কাছে এসে তার স্বামী সম্পর্কে জিজ্ঞাসা করতেন। আমার স্ত্রী বলত যে, আমার স্বামী খুবই ভাল মানুষ (তবে) তিনি কখনো আমার সাথে বিছানা মাড়ান নি এবং আমি তার কাছে আসা অবধি তিনি কখনো আমার পাশে আসেন নি। আমার পিতা তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে উল্লেখ করলে তিনি বললেনঃ তুমি তাকে আমার কাছে নিয়ে এসো।

অতঃপর আমি আমার পিতার সাথে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গেলে তিনি জিজ্ঞাসা করলেন, তুমি কিভাবে সাওম পালন কর? আমি বললাম, আমি প্রত্যেক দিন সাওম পালন করি। তিনি বললেন, তুমি প্রত্যেক সপ্তাহে তিন দিন সাওম পালন করবে। আমি বললাম, (ইয়া রাসুলাল্লাহ!) আমি এর চেয়েও বেশী সাওম পালন করার সামর্থ্য রাখি। তিনি বললেন, তাহলে তুমি দুইদিন সাওম পালন কর এবং একদিন সাওম ভঙ্গ কর। আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ! আমি এর চেয়েও বেশী সাওম পালন করার সামর্থ্য রাখি। রাসুলুল্লাহ



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে তুমি সর্বোত্তম সাওম অর্থাৎ দাউদ (আঃ) এর সাওম পালন কর; একদিন সাওম ভঙ্গ কর।

## **English**

It was narrated that Muhajid said:

"Abdullah bin 'Amr said to me: My father got me married to a woman from a noble family, and he used to come to her and ask her about her husband. She said: What a wonderful man he is! He never comes to my bed. And he has never approached me since he married me. He mentioned that to the Prophet and he said: Bring him to me. So he brought him with him and (the Prophet) said: How do you fast? I said: "Every day." He said: "Fast three days of every month." I said: "I am able to do better than that." He said: "Fast for two days, and break your fast for one day." He said; "I am able to do better than that". He said: "Observe the best of fasts, the fast of Dawud, peace be upon him: Fasting for one day and breaking the fast for one day." 'Ata said: "someone who heard him told me that Ibn 'Umar (said) that the Prophet said: 'Whoever fasts every day of his life, then he has not fasted."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন